

🗏 আল-ফুরকান | Al-Furgan | ٱلْفُرْقَان

আয়াতঃ ২৫:১৫

💵 আরবি মূল আয়াত:

قُل اَذٰلِكَ خَيرٌ اَم جَنَّةُ الخُلدِ الَّتِي وُعِدَ المُتَّقُونَ ؟ كَانَت لَهُم جَزَآءً وَّ مَصِيرًا ﴿١٥﴾

বল, 'সেটা উত্তম না স্থায়ী জান্নাত, মুত্তাকীদেরকে যার ওয়াদা দেয়া হয়েছে, তা হবে তাদের পুরস্কার ও প্রতাবর্তনস্থল। — আল-বায়ান

তাদেরকে জিজ্ঞেস কর- এটাই উত্তম না চিরস্থায়ী জান্নাত, মুত্তাকীদেরকে যার ওয়াদা দেয়া হয়েছে? তাদের জন্য এটা হবে প্রতিদান ও শেষ আবাসস্থল। — তাইসিরুল

তাদেরকে জিজ্ঞেস করঃ এটাই শ্রেয়, নাকি স্থায়ী জান্নাত, যার প্রতিশ্রুতি দেয়া হয়েছে মুত্তাকীদেরকে! এটাই তাদের পুরস্কার ও প্রত্যাবর্তন স্থল। — মুজিবুর রহমান

Say, "Is that better or the Garden of Eternity which is promised to the righteous? It will be for them a reward and destination. — Sahih International

১৫. বলুন, এটাই শ্রেয়, না স্থায়ী জান্নাত, যার প্রতিশ্রুতি দেয়া হয়েছে মুত্তাকীদেরকে? তা হবে তাদের প্রতিদান ও প্রত্যাবর্তনস্থল।

তাফসীরে জাকারিয়া

- (১৫) ওদেরকে জিজ্ঞাসা কর, 'এটিই শ্রেয়,[1] না স্থায়ী বেহেশু; যার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে সাবধানীদেরকে?' এটিই তো তাদের প্রতিদান ও প্রত্যাবর্তনস্থল।
 - [1] এর দ্বারা জাহান্নামের উপর্যুক্ত আযাবের দিকে ইশারা করা হয়েছে, যাতে জাহান্নামীরা বন্দী থাকবে। এটি ভাল যা কুফরী ও শিরকের প্রতিদান, নাকি সেই জান্নাত ভাল, যা মুত্তাকীনদের তাকওয়া ও আল্লাহর আনুগত্যের বিনিময়ে দেওয়ার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে? এই প্রশ্ন জাহান্নামে করা হবে। কিন্তু এখানে এই জন্যই উদ্ধৃত করা হয়েছে, যাতে জাহান্নামীদের উক্ত পরিণাম শুনে শিক্ষা গ্রহণ করে মানুষ তাকওয়া ও আল্লাহর আনুগত্যের রাস্তা অবলম্বন করে এবং সেই মন্দ পরিণাম হতে বাঁচতে পারে, যার চিত্র এখানে তুলে ধরা হয়েছে।



তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2870

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন